দৈনিক ইত্তেফাক
126
তারিখ 25 MAR 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আবাসিক ছাত্র-ছাত্রীদের দুইশত টাকা করিয়া ঋণ প্রদান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার। অসহযোগ কর্মসূচীর কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৪টি আবাসিক হলের অর্থসংকটগ্রস্ত মোট ৭৫০ জন ছাত্র-ছাত্রীকে কর্তৃপক্ষ মাথা-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## ছাত্র-ছাত্রীদের

( ৩য় পৃঃ পর )

পিছু দুই শত টাকা করিয়া ঋণ দেওয়ার সিদ্ধান্ত নিয়াছে। দুই মাসের মধ্যে এই ঋণ পরিশোধ করিতে হইবে। প্রতি হলে অপেক্ষাকৃত বেশী অর্থসংকটে নিপতিত ৫০ জন করিয়া ছাত্র-ছাত্রীকে গত শনিবার হইতে এই ঋণ বিতরণ শুরু হইয়াছে।

বিভিন্ন হলের ছাত্র-ছাত্রীরা অভিযোগ করিয়াছে যে, প্রতি হলে পাঁচশতাধিক ছাত্র-ছাত্রী বসবাস করিলেও মাত্র ৫০ জন করিয়া ছাত্র-ছাত্রীকে যে ঋণ দেওয়া হইতেছে উহা পর্যাপ্ত নয়। ছাত্র-ছাত্রীরা আরও অধিক ছাত্র-ছাত্রীকে সহজ শর্তে ঋণদানের দাবী জানাইয়াছে।